সংবাদ


তারিখ ... 2 APR 2003
পৃষ্ঠা ... ১২ কলাম ... ১


# ই.বি'তে প্রক্টর-প্রভোস্টসহ ১৪ জন প্রশাসনিক কর্মকর্তার পদত্যাগ

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ প্রক্টর-প্রভোস্টসহ জিয়া পরিষদভুক্ত ১৪ জন প্রশাসনিক কর্মকর্তার আকস্মিক পদত্যাগের কারণে সোমবার ইসলামী বিশ্ববিদ্যালয় প্রশাসনে এক নাটকীয় পরিবর্তন ঘটেছে।

সোমবার বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার ও জিয়া পরিষদের সভাপতি প্রফেসর মোশাররফ হোসেনের সভাপতিত্বে এক রুদ্ধদ্বার বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ট্রেজারার পদ ব্যতীত অন্য সকল পদ থেকে সবার পদত্যাগের

পদত্যাগ ঃ পৃঃ ২ কঃ ৭

## পদত্যাগ ঃ কর্মকর্তার

( ১২ পৃষ্ঠার পর )

সিদ্ধান্ত গৃহীত হয় এবং মঙ্গলবার তারা প্রক্টর, সহকারী প্রক্টর, তিনটি হলের প্রভোস্ট ও পরিবহন প্রশাসনসহ জিয়া পরিষদ গঠনের ১৪টি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদ থেকে পদত্যাগ করেছেন।

বর্তমান ভিসির অত্যধিক জামাতপ্রীতি এবং জিয়া পরিষদ বিদ্বেষীনীতির কারণেই তারা এই পদত্যাগ করেছেন বলে জানা গেছে।